

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৬  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.lawjusticediv.gov.bd

নম্বর: ১০.০০.০০০০.১৩০.২৭.০০৪.২২-৩৬১


তারিখ: ২৯ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ  
১৩ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.

বিষয়: নরসিংদী জেলার শিবপুর সাব-রেজিস্ট্রি অফিসের সাব-রেজিস্ট্রার জনাব মোঃ মিজাহারুল ইসলাম-কে মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা-এর কার্যালয়ে সংযুক্তকরণ প্রসঙ্গে।

সূত্র: মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর এর স্মারক নং-১০.০৫.০০০০.০০১.৯৯.০০১.২২-৫৫৩, তারিখ: ০৬-০৯-২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার শিবপুর সাব-রেজিস্ট্রি অফিসের সাব-রেজিস্ট্রার জনাব মোঃ মিজাহারুল ইসলাম-এর বিরুদ্ধে ৪১ (একচল্লিশ) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত, দলিল প্রতি সরকারি ফিসের অতিরিক্ত ২৫০০ টাকা থেকে ৩৫০০ টাকা পর্যন্ত আদায়, বড় আকারের যেকোন দলিল হলে দলিল লেখকের মাধ্যমে অনৈতিকভাবে মোটা অংকের টাকা আদায় অথবা আদায়ের জন্য চাপ প্রয়োগ, টাকা না দিলে অফিস সহায়ক-কে দিয়ে দলিল আটকিয়ে রাখা, সাধারণ দলিল লেখক এবং দলিল রেজিস্ট্রি করতে আসা পক্ষগণের সাথে দুর্ব্যবহার, মনগড়া আইন দেখিয়ে রেজিস্ট্রি করতে আসা প্রায় প্রত্যেক দলিল থেকে বিশাল অংকের অতিরিক্ত অর্থ আদায় করার কারণেই সেবাপ্রার্থী জনসাধারণ ভোগান্তির শিকার হন এবং সরকারি রাজস্ব আদায় ব্যহতসহ অফিসের কার্যক্রম বাধাগ্রস্ত হওয়ার অভিযোগের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৪/২০২৩ রুজু করা হয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত বিভাগীয় মামলার সুষ্ঠু তদন্তের স্বার্থে আপনাকে মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা-এর কার্যালয়ে সংযুক্ত করা হলো।



(মো: শফিউল আলম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৪১০৫২১৭২


জনাব মোঃ মিজাহারুল ইসলাম  
সাব-রেজিস্ট্রার, শিবপুর, নরসিংদী।  
সংযুক্ত কর্মকর্তা: মহাপরিদর্শক, নিবন্ধন-এর কার্যালয়, ঢাকা।

নম্বর: ১০.০০.০০০০.১৩০.২৭.০০৪.২২-৩৬১

তারিখ: ১৩-০৯-২০২৩ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয় এর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয় এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫। জেলা রেজিস্ট্রার, নরসিংদী।
- ০৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ০৭। অফিস কপি/গার্ড ফাইল।



(মো: শফিউল আলম)  
সিনিয়র সহকারী সচিব